# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০২৪]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْاِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৮৪: রুকূ'র জন্যে তাকবীর বলা

## باب التكبير للركوع

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قال: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنْ يُونُسَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّ أَبَا هُرَيْرَةَ حِينَ اسْتَخْلَفَهُ مَرْوَانُ عَلَى الْمَدِينَةِ: كَانَ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ الْمَكْتُوبَةِ كَبَّرَ، ثُمَّ يُكَبِّرُ حِينَ يَرْكَعُ فَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرَّكْعَةِ قَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ، ثُمَّ يُكَبِّرُ حِينَ يَهْوِي سَاجِدًا ثُمَّ يُكَبِّرُ حِينَ يَقُومُ مِنَ الثِّنْتَيْنِ بَعْدَ التَّشَهُّدِ يَفْعَلُ مِثْلَ ذَلِكَ حَتَّى يَقْضِيَ صَلَاتَهُ فَإِذَا قَضَى صَلَاتَهُ وَسَلَّمَ أَقْبَلَ عَلَى أَهْلِ الْمَسْجِدِ فَقَالَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنِّي لَأَشْبَهُكُمْ صَلَاةً بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

تخریج دارالدعوہ: وقد أخرجه: صحیح مسلم/الصلاة ۱۰ (۳۹۲)، (تحفة الأشراف: ۱۵۳۲۶)، موطا امام مالک/الصلاة ۴ (۱۹)، مسند احمد ۲/۲۳۶، ۲۷۰، ۳۰۰، ۳۱۹، ۴۵۲، ۴۹۷، ۵۰۲، ۵۲۷، ۵۳۳، سنن الدارمی/الصلاة ۴۰ (۱۲۸۳) (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1024 ـ صحيح

বাংলা

১০২৩. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) ..... আবু সালামাহ ইবনু 'আবদুর রহমান (রহ.) হতে বর্ণিত, যখন মারওয়ান আবূ হুরায়রাহ্ (রাঃ)-কে মদীনার প্রতিনিধি করে পাঠালেন, তখন তিনি ফারয সালাতে দাঁড়ানোর সময় তাকবীর বলতেন। এরপর যখন রুকূ করতেন তখন তাকবীর দিতেন, অতঃপর রুকূ হতে যখন তাঁর মাথা উত্তোলন করতেন তখন বলতেন- "সামি আল্ল-হু লিমান হামিদাহ, রব্বানা- ওয়ালাকাল হাম্‌দ"। আবার যখন সিজদার জন্যে

নিচু হতেন তখন তাকবীর বলতেন। অতঃপর যখন তাশাহুদ পড়ে দ্বিতীয় রাকআত শেষ করে উঠতেন তখন তাকবীর বলতেন, এভাবে তিনি সালাত শেষ করতেন। যখন তিনি সালাত শেষ করে সালাম ফিরাতেন তখন মসজিদের লোকেদের প্রতি মুখ করতেন এবং বলতেন, আল্লাহর কসম! তোমাদের মধ্যে রাসূলুল্লাহ (সা.) -এর সালাতের সাথে আমার সালাত অধিক সামঞ্জস্যশীল।

## English

84. Saying The Takbir Before Prostrating

It was narrated from Abu Salamah bin Abdur-Rahman that: Marwan appointed Abu Hurairah as governor of Al-Madinah. When he stood to offer an obligatory prayer, he would say the takbir, then he said the takbir when he bowed, and when he raised his head from bowing he said: Sami' Allahu liman hamidah, Rabbana wa lakal-hamd (Allah hears those who praise Him; our Lord, and to You be the praise). Then he would say the takbir when he went down in prostration, then he said the takbir when he stood up after two rak'ahs, after saying the Tashahhud, and he did that until he had finished the prayer. When he had finished his prayer and said the Salam, he turned to the people in the masjid and said: By the One in Whose Hand is my soul, I am the one among you whose prayer most closely resembles that of the Messenger of Allah (ﷺ).

ফুটনোট

সহীহ: বুখারী ৭৮৫, ৭৮৯; মুসলিম ৩৮২, সহীহ আবু দাউদ ৭৮৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87397

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন